# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 28-09-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) শারদীয়া দুর্গোৎসবের আজ ষষ্ঠী কলকাতা সহ গোটা বাংলা মেতেছে উৎসবের মেজাজে।

২) কলকাতা ও লাগোয়া শহরতলীর ১১৩ টি পুজো এ বছর রাজ্য সরকারের বিশ্ব বাংলা শারদ সম্মান পাচ্ছে। জেলাগুলিরও শারদ সম্মান প্রাপকদের তালিকা প্রকাশিত হয়েছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তার চিন্তা ভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৪) উত্তরবঙ্গে হাতির অবস্থান সহ বিস্তারিত তথ্য জানাতে বন দপ্তর বিশেষ অ্যাপ চালু করছে ।

৫) দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে ।

oooooooooooooooooooooo

আজ ষষ্ঠী। বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজোর আনুষ্ঠানিক সূচনা।

(ঢাক)

সন্ধ্যায় বোধন, আমন্ত্রণ অধিবাসের মধ্যে দিয়ে চারদিন ব্যাপী উৎসবের শুরু। যদিও দেবিপক্ষের সূচনা লগ্ন থেকেই কলকাতা ও লাগোয়া শহরতলীর নামকরা পুজো মণ্ডপগুলি তাদের দরজা খুলে দিয়েছে। প্রতিদিনই চোখ ধাঁধানো মণ্ডপ,আলোকসজ্জা, প্রতিমা দেখতে রাজপথে ভিড় উপচে পড়ছে। কলকাতার উত্তর থেকে দক্ষিণ নামকরা পুজো গুলির থিমের আকর্ষণে দূর দূরান্ত থেকে ভিড় করছেন দর্শনার্থীরা। বাড়তি ভিড় সামাল দিতে রাস্তায় প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। রেলওয়ে, মেট্রো স্টেশন বিমানবন্দরে নিরাপত্তা ব্যবস্থা মজবুত করা হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, রাজ্যপাল সিভি আনন্দ বোস, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যবাসীকে দুর্গা পুজোর শুভেচ্ছা জানিয়েছেন।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooooo

এদিকে, উত্তর কলকাতার সন্তোষ মিত্র স্কোয়ারে পুজোকে ঘিরে তৈরি হয়েছে বিতর্ক।

সন্তোষ মিত্র স্কোয়ারের পুজো, চক্রান্ত করে বন্ধ করে দেওয়ার চেষ্টা চলছে বলে পূজোর উদ্যোক্তা ও বিজেপি কাউন্সিলর সজল ঘোষ অভিযোগ করেছেন। কলকাতায় গতকাল সাংবাদিক বৈঠকে তিনি প্রশাসনের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তোলেন।

oooooooooooooooooooooo

কলকাতা ও লাগোয়া শহরতলীর ১১৩-টি পুজো এবছর রাজ্য সরকারের বিশ্ববাংলা শারদ সম্মান পাচ্ছে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন গতকাল এক সাংবাদিক বৈঠকে পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেন। সেরার সেরা,সেরা সাবেকি, সেরা মন্ডপ, সেরা প্রতিমা, সেরা ভাবনা,পরিবেশবান্ধব ও বিশেষ

বিভাগে এই পুজো গুলিকে সম্মানিত করা হয়েছে। আগামী পাঁচই অক্টোবর রাজ্য সরকারের পুজো কার্নিভালে এই কমিটিগুলি অংশ নেবে।

জেলার সেরা পুজো গুলিরও তালিকা প্রকাশ করা হয়েছে বলে ইন্দ্রনীলবাবু জানিয়েছেন।

বাংলা শারদ সম্মান ২০২৫ এর প্রাপক জেলার সেরা পুজাগুলির নামও ঘোষিত হয়েছে ।

পুরুলিয়া জেলার 12 টি পুজো কমিটিকে বিশ্ব বাংলা শারদ সম্মান 2025 দেওয়া হয়েছে।

হাওড়ার 12 টি পুজো কমিটিকে বিশ্ব বাংলা শারদ সম্মান 2025 দেওয়া হয়েছে|

দক্ষিণ ২৪ পরগনার ২৮টি কমিটি নির্বাচিত হয়েছে বিভিন্ন বিভাগে।

উত্তর চব্বিশ পরগনার মোট ২২ টি পুজো সেরা পুজো হিসেবে নির্বাচিত হয়েছে ।

oooooooooooooooooooooo

চলতি দুর্গাপুজোয় যাত্রীদের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আগামীকাল রাত থেকে পয়লা অক্টোবর রাত পর্যন্ত শহরতলী ব্যান্ডেল, তারকেশ্বর, এবং বর্ধমান ( ভায়া মেন এবং কর্ড লাইনে) মোট আটটি অতিরিক্ত EMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ট্রেনগুলি রাত পৌনে একটা থেকে পৌনে দুটোর মধ্যে ছাড়বে।

এছাড়া, দুর্গা পুজা উপলক্ষ্যে আগামীকাল, ৩০ সেপ্টেম্বর, পয়লা ও দোসরা অক্টোবর, লক্ষ্মী পুজোর জন্য আগামী ৬ ই অক্টোবর, এবং কালীপূজা উপলক্ষ্যে আগামী বিশে অক্টোবর বিকেল ৩-টে পর্যন্ত হাওড়া ডিভিশনের সমস্ত EMU লোকাল রবিবারের সময় সূচী অনুসারে চলবে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৬-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার অটল পেনশন যোজনার মাধ্যমে ভারতের অসংগঠিত কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা জোরদার করেছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে হাতির অবস্থান সহ বিস্তারিত তথ্য জানাতে বন দফতর বিশেষ অ্যাপ চালু করেছে। কার্শিয়াং বনবিভাগ ও একাধিক পশুপ্রেমী সংগঠনের যৌথ উদ্যোগে শুরু হয়েছে এই প্রকল্প। পরীক্ষামূলকভাবে ইতিমধ্যেই প্রায় ৫০টি হাতির তথ্য অ্যাপে আপলোড করা হয়েছে। ধাপে ধাপে আরও হাতির তথ্য সংযোজন করা হবে। অ্যাপটি শুধুমাত্র বন দফতরের র‍্যাপিড রেসপন্স টিম, কুইক রেসপন্স টিম ও এলিফ্যান্ট

স্কোয়াডের সদস্যরা ব্যবহার করতে পারবেন। আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করে প্রতিটি হাতির যাবতীয় তথ্য দেখা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, মেদিনীপুর বনবিভাগের চাঁদরা রেঞ্জের বাঘঘরার জঙ্গলে গতকাল সকালে বনের ছাতু তুলতে গিয়ে পুতুলরানী মাহাতো নামে বছর ৬০এর এক বৃদ্ধা হাতির আক্রমণে প্রাণ হারান। কিন্তু হাতিগুলি তার দেহ ঘিরে রাখে, পরে হুলা পার্টির সাহায্য নিয়ে বন বিভাগের কর্মীরা, রাতে দেহটিকে জঙ্গল থেকে উদ্ধার করে।

এই নিয়ে পরপর দুদিনে ঐ জঙ্গলে হাতির আক্রমণে দুজনের মৃত্যু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অব্যবস্থার জেরে এক রোগী মৃত্যুর ঘটনায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল চত্বর গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। বাঘডোগরার বাসিন্দা বছর ৩৩-এর বিশ্বজিৎ চন্দ পেটের সমস্যা নিয়ে হাসপাতালের এমার্জেন্সিতে দেখাতে যান। চিকিৎসকরা ভর্তি হওয়ার পরামর্শ দিলে অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন হলেও তাকে নিয়ে যাওয়ার ট্রলি তিন ঘণ্টা মেলেনি বলে অভিযোগ। দীর্ঘ সময় অপেক্ষার পর রোগীর শারীরিক অবস্থা অবনতি হতে শুরু করলে পিঠে করে নিয়ে যাওয়ার সময় তার মৃত্যু হয়। এরপরই ক্ষোভে ফেটে পড়েন রোগীর আত্মীয়-পরিজন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রোদ ঝলমলে আবহাওয়া দিয়েই শুরু হলো ষষ্ঠীর সকাল। আবহাওয়া দপ্তর আগেই জানিয়েছে, অষ্টমী পর্যন্ত দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে কয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে, তবে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। কলকাতাতেও স্থানীয় ভাবে কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। ৩০ তারিখে উত্তর আন্দামান সাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। যা পরে নিম্নচাপে পরিণত হলে, ১ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

oooooooooooooooooooooooooo

এএফসি চ্যাম্পিয়ন্স লিগ ২-এর সেপাহানের বিরুদ্ধে ম্যাচ খেলতে মোহনবাগানের ইরানে যাওয়া নিয়ে অনিশ্চয়তা কাটেনি। গতকাল ক্লাবের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, ইরানে যাওয়া নিয়ে ফুটবলার এবং পরিবারদের আপত্তি থাকায় বিষয়টি নিয়ে ভাবনাচিন্তা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেপাহানের বিরুদ্ধে ম্যাচ নিয়ে সিদ্ধান্ত নিতে মোহনবাগান ক্লাব 'কোর্ট অফ আরবিট্রেশন ফর স্পোর্টস' ক্যাস বা আন্তর্জাতিক ক্রীড়া আদালতে আবেদন করেছে। আগামী মঙ্গলবার ম্যাচটি হওয়ার কথা। সে কারনে দুদিনের মধ্যে ক্যাস সিদ্ধান্ত নিতে পারবে কি না তা নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে ।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo